

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৩০

১/ বিবিধ

আরবী

شيبتي هو د وأخواتها، وما فعل بالأمم قبلي
ضعيف

رواه ابن سعد (1 / 435) : أخبرنا محمد بن إسماعيل بن أبي فديك عن علي بن أبي
علي عن جعفر بن محمد عن أبيه أن رجلا قال للنبي صلى الله عليه وسلم: أنا أكبر
منك مولدا وأنت خير مني وأفضل! فقال رسول الله صلى الله عليه وسلم فذكره.
قلت: وهذا إسناد ضعيف، فإنه مع إرساله، فيه علي بن أبي علي وهو القرشي. قال ابن
عدي: " مجهول، منكر الحديث ". والحديث صحيح دون قوله: " وما فعل ... " وقد
خرج في " الصحيحة " (955)

বাংলা

১৯৩০। আমাকে (সূরা) হুদ, তার বোনগুলো এবং আমার পূর্বের উম্মাতদের সাথে যা কিছু করা হয়েছে (সেগুলোর চিন্তা) বৃদ্ধ করে দিয়েছে।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু সা'দ (১/৪৩৫) মুহাম্মাদ ইবনু ইসমাঈল ইবনু আবু ফুদাইক হতে, তিনি আলী ইবনু আবু আলী হতে, তিনি জা'ফার ইবনু মুহাম্মাদ হতে, তিনি তার পিতা হতে বর্ণনা করেছেন যে, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললোঃ জন্মের দিক দিয়ে আমি আপনার চেয়ে বড় আর আপনি আমার চেয়ে বেশী উত্তম এবং বেশী ভালো! তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এটি মুরসাল হওয়া সত্ত্বেও এর সনদে আলী ইবনু আবু আলী কুরাশী

রয়েছেন। তার সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি মাজহুল, মুনকারুল হাদিস।

তবে হাদীসটি (وما فعل بالأمم قبلي) এ অংশ ছাড়া সহীহ। "সিলসিলাহ সহীহাহ" গ্রন্থে (৯৫৫) এর তাখরীজ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72813>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন